

স্মারক নম্বর-৫৮.০২.০০০০.০০০.০০৬.১০০.০০১.২৬-২২০৫

২২ চৈত্র ১৪৩২  
তারিখ:-----  
০৫ এপ্রিল ২০২৬

বিষয়: **বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩ নম্বর স্মারকপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা ও কর্পোরেশনসহ সকল অফিসসমূহে কর্মকর্তা-কর্মচারীদের নিয়োজিত ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে অনুরোধ করা হয়েছে:

- ১। দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- ২। বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে;
- ৩। অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ারকন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে;
- ৪। এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- ৫। অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- ৬। অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- ৭। বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- ৮। অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- ৯। যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে;
- ১০। জ্বালানি তেলের ব্যবহার কমাতে অপ্রয়োজনীয় যাতায়াত যথাসম্ভব সীমিত/পরিহার করতে হবে;
- ১১। গাড়ির ব্যবহার সীমিত করতে হবে। নিজ অধিক্ষেত্রের বাইরে দাপ্তরিক গাড়ি নিয়ে ভ্রমণ করা যাবে না। নিতান্তই আবশ্যিক হলে এক্ষেত্রে মহাপরিচালক মহোদয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসসমূহকে উল্লিখিত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণ ও এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ পাতা।

(মোহাম্মদ গোলাম আজম)  
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব)  
ফোন: +৮৮০২-২২৬৬৬৪৪০১  
[adg@dnc.gov.bd](mailto:adg@dnc.gov.bd)

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ২। চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
- ৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, সিলেট
- ৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা
- ৫। উপপরিচালক, অপারেশনস/প্রশাসন/নিরোধ শিক্ষা/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ৬। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

- ৭। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট
- ৮। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম মেট্রো: কার্যালয় (উত্তর/দক্ষিণ)/জেলা কার্যালয় (সকল)
- ৯। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। রাসায়নিক পরীক্ষক/সহকারী রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা/বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার (সকল)
- ১১। সহকারী পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/গবেষণা ও প্রকাশনা/নিরোধ শিক্ষা/গোয়েন্দা/অর্থ ও হিসাব/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন/স্টাফ অফিসার/জনসংযোগ কর্মকর্তা/কমন সার্ভিস/আইন কর্মকর্তা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ১২। মেডিকেল অফিসার/রিহেবিলিটেশন অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ
- ১৩। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৪। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৫। অফিস কপি